# হাদিস শাস্ত্রের পরিভাষা পরিচিতি

বিভাগ/অধ্যায়ঃ সহি হাদিস

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

সহির বিভিন্ন মান

সকল রাবির দ্বাবত ও আদালত সমান নয়, তাই সকল সহি হাদিসের মান সমান নয়। দ্বাবত ও আদালতের তফাতের কারণে সহি হাদিস সাত ভাগে ভাগ হয়: ১. বুখারি ও মুসলিমে বর্ণিত হাদিস। ২. শুধু বুখারিতে বর্ণিত হাদিস। ৩. শুধু মুসলিমে বর্ণিত হাদিস। ৪. বুখারি ও মুসলিমের শর্ত মোতাবেক হাদিস। ৫. শুধু বুখারির শর্ত মোতাবেক হাদিস। ৬. শুধু মুসলিমের শর্ত মোতাবেক হাদিস। ৭. অন্যান্য মুহাদ্দিসের শর্ত মোতাবেক সহি। উল্লেখ্য, সহি ইব্‌ন খুযাইমাহ সহি ইব্‌ন হিব্বান অপেক্ষা অধিক বিশুদ্ধ।

يَرْوِيهِ عَدْلٌ ضابِطٌ عَنْ مِثْلِهِ অর্থ আদিল ও দ্বাবিত রাবি তার ন্যায় আদিল ও দ্বাবিত রাবি থেকে বর্ণনা করবে। সহি হাদিসের জন্য গ্রন্থকার থেকে সাহাবি পর্যন্ত সকল রাবির মধ্যে দ্বাবত ও আদালত থাকা জরুরি। অতএব ফাসেক রাবি থেকে আদিল রাবির বর্ণিত হাদিস সহি নয়। অনুরূপ দুর্বল স্মৃতি শক্তি সম্পন্ন রাবি কিংবা অধিক ভুলকারী রাবি থেকে প্রখর স্মৃতি শক্তি সম্পন্ন রাবির বর্ণিত হাদিস সহি নয়, কারণ আদালত ও দ্বাবত সম্পন্ন রাবি তার ন্যায় আদালত ও দ্বাবত সম্পন্ন রাবি থেকে বর্ণনা করেনি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8402

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন